



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২৫৪

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



## প্রেস রিলিজ

### ববি শিক্ষার্থীদের স্মার্টফোন ক্রয়ে সফট লোন প্রদান কার্যক্রমের উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৭ জানুয়ারি ২০২১ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের স্মার্টফোন ক্রয়ে সফট লোন প্রদান কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। অদ্য ২৭ জানুয়ারি ২০২১ তারিখ দুপুর ১২ টায় উপাচার্য মহোদয়ের কার্যালয়ে এর উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। এসময় শিক্ষক সমিতির সভাপতি, সাধারণ সম্পাদক, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, প্রক্টর, প্রভোস্ট, শিক্ষকমন্ডলী, শিক্ষার্থী ও কর্মকর্তারা উপস্থিত ছিলেন। উদ্বোধন শেষে এক সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় উপাচার্য মহোদয় করোনা মোকাবেলায় সরকারের গৃহীত সকল পদক্ষেপের ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন, এত প্রতিকূল অবস্থার মাঝেও সরকার করোনা মোকাবেলাসহ দেশের সকল খাতকে সচল রাখতে বিভিন্ন কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছেন। যার দরুন করোনা মোকাবেলায় বিশ্বের অন্যান্য দেশের তুলনায় বাংলাদেশ অনেকাংশেই এগিয়ে। এসময় উপাচার্য মহোদয় করোনা মহামরীর এ দুঃসময়ে বিভিন্ন ভাবে শিক্ষার্থীদের পাশে থাকায় মাননীয় প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রী ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। সফট লোন প্রদান কার্যক্রমের অংশ হিসেবে প্রাথমিক ভাবে তিনজন শিক্ষার্থীর মাঝে ৮,০০০ টাকা করে লোনের চেক হস্তান্তর করা হয়। বাকি ৩১৯ জন শিক্ষার্থীর লোনের টাকা তাদের নিজ নিজ ব্যাংক হিসাবে অনলাইনের মাধ্যমে প্রেরণ করা হবে। উল্লেখ্য করোনাকালীন সময়ে মেধাবী অস্বচ্ছল শিক্ষার্থীদের শিক্ষা জীবন যাতে ব্যহত না হয় সে লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর নির্দেশনায় শিক্ষামন্ত্রী ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান মহোদয় বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের কাছে মেধাবী অস্বচ্ছল শিক্ষার্থীদের স্মার্ট ডিভাইস ক্রয়ের জন্য একটি তালিকা প্রেরণের নির্দেশনা প্রদান করেছিলেন। নির্দেশনা অনুযায়ী বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কাছে বরিশাল বিশ্ববিদ্যালয় থেকে ১০৭০ জনের আবেদন পাঠানো হলে তা পুরোটাই গৃহীত হয়। এদের মধ্যে পরবর্তীতে ৩৩১ জন শিক্ষার্থী লোন গ্রহণের যাবতীয় প্রক্রিয়া সম্পন্ন করেন। চূড়ান্ত যাচাই বাছাই শেষে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ৩২২ জন শিক্ষার্থীর সফট লোনের আবেদন মঞ্জুর করে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস